

২৪তম আন্তঃ ক্লাব শ্যুটিং প্রতিযোগিতায় বিকেএসপি চ্যাম্পিয়ন

গত ২৮-৩১ জুলাই ঢাকা গুলশান শ্যুটিং স্পোর্ট ফেডারেশন আয়োজিত ২৪তম আন্তঃ ক্লাব শ্যুটিং প্রতিযোগিতা-২০১৯ এ বিকেএসপি দলগত চ্যাম্পিয়ন হবার গৌরব অর্জন করে। বিকেএসপি ২টি স্বর্ণ ও ২টি রৌপ্য পদক নিয়ে চ্যাম্পিয়ন হবার কৃতিত্ব দেখায়। প্রতিষ্ঠানের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. রাশীদুল হাসান, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি শ্যুটিং দলকে অভিনন্দন জানান এবং এ অর্জন ধরে রাখার জন্য কঠোর পরিশ্রমী ও অধ্যবসায়ী হবার পরামর্শ দেন। বিকেএসপির নুসরাৎ জাহান সামসি ০.১৭৭ রাইফেল ইভেন্ট ও নাঈম আল আরাফ ০.২২ রাইফেল ইভেন্টে স্বর্ণ পদক লাভ করেন। অপরদিকে বিকেএসপি'র অন্তর সরকার ০.১৭৭ ম্যাচ রাইফেল ইভেন্টে রৌপ্য ও জাকোয়ান আলী খান ০.১৭৭ পিস্তল ইভেন্টে রৌপ্য পদক অর্জন করেন। বিকেএসপি দলের কোচের দায়িত্বে ছিলেন ফারহানা কাউসার ও টিম ম্যানজারের দায়িত্ব পালন করেন আব্দুর রহমান। প্রতিযোগিতায় ৩৯টি রাইফেল/শ্যুটিং ক্লাবের দুইশতাধিক শ্যুটার অংশগ্রহণ করেন।



পশ্চিম বাংলার আমন্ত্রনমূলক এ্যাথলেটিক্স প্রতিযোগিতায় বিকেএসপি'র সাফল্য

Athletic Coaches Association of Bengalগত ২৭ ও ২৮ জুলাই ভারতের পশ্চিম বাংলার ১৪টি জেলার বিভিন্ন স্থানের ৪৭টি কোচিং ক্যাম্পের এ্যাথলেটদের নিয়ে ACAB CUP INVITATION ATHLETICS COMPETITION-2019 আয়োজন করে। দু'দিন ব্যাপী অনুষ্ঠিত এ প্রতিযোগিতায় বিকেএসপি'র ১৫ সদস্যের একটি দল অংশ নেয়। প্রতিযোগিতাটি সিনিয়র ও অনূর্ধ্ব ১৭ এই দু'টি বিভাগে অনুষ্ঠিত হয়। অনূর্ধ্ব ১৭ বালক-বালিকা গ্রুপে মোট ৯৬০ জন এ্যাথলেট অংশগ্রহণ করেন। প্রতিযোগিতায় বিকেএসপি'র খেলোয়াড়রা ৩টি স্বর্ণ, ৪টি রৌপ্য ও ২টি তাম্র পদক নিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। অনূর্ধ্ব ১৭ গ্রুপে বালক বিভাগে বিকেএসপির মোঃ হাসান মিয়া ১০০মিঃ স্প্রিন্টে ১০.৫০সেঃ সময় নিয়ে ১ম স্থান হয়ে দ্রুততম মানব হওয়ার গৌরব অর্জন করেন। এ ছাড়াও হাসান মিয়া ২০০মিঃ স্প্রিন্টে ২১.৬ সেঃ সময় (ব্যক্তিগত সেরা টাইমিং) নিয়ে প্রথম হয়ে ডাবল স্বর্ণ পদক লাভের কৃতিত্ব দেখান। প্রতিযোগিতায় হাসান মিয়া সেরা এ্যাথলেট নির্বাচিত হন। অপরদিকে মিষ্টিড রিলে ইভেন্টে বিকেএসপি'র রুপা, সোনিয়া, হাসান ও সোহেল ৪x১০০মিঃ স্বর্ণ পদক লাভ করেন। বিকেএসপি'র অন্যান্য অর্জনের মধ্যে ৮০০মিঃ স্প্রিন্টে খালিদ মহিবুল্লাহ রৌপ্য, রুপা খাতুন ১০০মিঃ-এ রৌপ্য, সুমাইয়া আক্তার ২০০মিঃ-এ রৌপ্য, মোঃ সোহেল রানা ৪০০মিঃ-এ রৌপ্য ও সোনিয়া ১০০মিঃ স্প্রিন্টে তাম্র পদক অর্জন করেন। লং জাম্প সাইদ মিয়া ৬.৫৩ মিঃ জাম্প দিয়ে তাম্র পদক লাভ করেন। প্রতিষ্ঠানের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. রাশীদুল হাসান, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি এ্যাথলেটিক্স দলকে অভিনন্দন জানান। প্রতিযোগিতায় বিকেএসপি দলে আব্দুল্লাহ হেল কাফী ও ফোজিয়া হুদা জুই কোচের দায়িত্ব পালন করেন। দলের ম্যানেজার ও টিম লিডার হিসাবে দায়িত্ব পালন করেন এ্যাথলেটিক্স বিভাগের ইনচার্জ মোঃ মেহেদি হাসান।

